

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী  
 (আইসিটি শাখা)  
[www.rajshahi.gov.bd](http://www.rajshahi.gov.bd)

### জেলা ইনোভেশন টিমের সেপ্টেম্বর ২০২১ মাসের সভার কার্যবিবরণী

আহবায়ক : অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী  
 সভার তারিখ ও সময় : ২৯ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ, বেলা ১২.৩০ ঘটিকা

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী এবং সভাপতি মহোদয় জেলা ইনোভেশন টিম কর্তৃক সভার কাজ শুরু করা হয়। সভায় উপস্থিত সদস্যদের পরিচয় পর্ব শেষে ইনোভেশন অফিসার কর্তৃক জেলার ইনোভেশন কার্যক্রম বিষয়ে নিম্নরূপ আলোচনা করা হয়। আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	আলোচনার বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	জেলা ও উপজেলার বিভিন্ন দপ্তর হতে ইনোভেশন প্রস্তাব গ্রহণ	সভাপতি মহোদয় সদস্যদের বলেন, বিভিন্ন দপ্তর তাদের কার্যক্রমকে সহজ করার লক্ষ্যে প্রতিনিয়ত নতুন নতুন উন্নাবন করে চলেছে। প্রতিমাসের উন্নয়ন সমন্বয় সভায় আগত জেলা ও উপজেলার সকল দপ্তরকে তাদের নিজ নিজ দপ্তরের উন্নাবন সম্পর্কিত তথ্য এ দপ্তরকে অবহিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	উন্নয়ন সমন্বয় সভায় আগত জেলা ও উপজেলার সকল দপ্তরকে উন্নাবন বিষয়ে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। ইনোভেশন টিমের সদস্যদেরকেও ইনোভেশন প্রস্তাব সংক্রান্ত তথ্য সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।	জেলা ইনোভেশন টিম, রাজশাহী
২.	রাজশাহী কলেজ	রাজশাহী কলেজ এর প্রতিনিধি জনাব মুহাম্মদ মহিউদ্দীন, গ্রহণারীক, রাজশাহী কলেজ সভাকে জানান, করোনাকালীন সময়ে শারীরিক ও অনলাইনে লাইভ ক্লাসের মাধ্যমে সকল শ্রেণির পাঠদান কার্যক্রম চালু রয়েছে।  তিনি আরো বলেন, অত্র জেলাসহ সকল উপজেলায় বিভিন্ন প্রতিষ্ঠানে ইনোভেশনে এ পর্যন্ত কী অগ্রগতি সাধিত হয়েছে তার তদারকি করি এবং উৎসাহ দিয়ে থাকি এবং প্রেরণা প্রদানপূর্বক নিয়মিত পর্যবেক্ষণ করে থাকি।	ইনোভেশন কার্যক্রম বেগবান করার লক্ষ্যে আলোচ্য ধারা অব্যাহত রাখার উপর সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	অধ্যক্ষ রাজশাহী কলেজ রাজশাহী
৩.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়	প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী Online Exam System সম্পর্কে বলেন, অনলাইন এই প্লাটফর্মটি ব্যবহার করে গত ১৩ সেপ্টেম্বর ২০২১ তারিখ সকাল ১০ টায় সিনিয়র ও জুনিয়র গুপ্তে জেলা পর্যায়ে ৪২ তম বিজ্ঞান অলিম্পিয়াড অনলাইন পরীক্ষা অত্যন্ত সফলভাবে গ্রহণ করা হয়। প্লাটফর্মটি স্বয়ংক্রিয়ভাবে সবার উত্তরপত্র মূল্যায়ন করে ফলাফল তৈরি করে। অতঃপর পরীক্ষার ফলাফল সংক্ষিপ্ত ও পূর্ণাংগরূপে পিডিএফ আকারে ডাউনলোড করে নেয়া হয়। বিষয়ে পরীক্ষা নিরীক্ষা চলমান রয়েছে। তিনি পুনরায় প্লাটফর্মটির বিষয়ে সভায় উপস্থিত সকলকে বিস্তারিতভাবে অবহিত করেন।  সভাপতি মহোদয় প্লাটফর্মটির প্রশংসা করেন এবং আরো উন্নত মডিউল সংযুক্ত করা যায় কিনা তা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	Online Exam System টির আরো কি কি নতুন মডিউল যুক্ত করা যায় তা সবার মাঝে তুলে ধরার সিদ্ধান্ত গৃহীত হলো।	প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী

ক্রম	আলোচনার বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
৪.	আঞ্চলিক কৃষি তথ্য অফিস	আঞ্চলিক কৃষি তথ্য অফিসার বলেন, কৃষি তথ্য সহজলভ্য ও দুট করতে ব্যবহৃত হচ্ছে বিভিন্ন ধরনের অ্যাপস, কৃষি কল সেন্টার (১৬১২৩), ওয়েব সাইট, ফেসবুক, ইউটিউব এসব। অতি সম্প্রতি কৃষকভাইদের সুবিধার্থে রাজশাহীতে একটি কমিউনিটি রেডিও এবং সদর দপ্তরে একটি কৃষক টেলিভিশন নামে কার্যক্রম শুরু করার ব্যবস্থা করা হচ্ছে। টেলিভিশনটি বাংলাদেশের গর্ব বঙ্গবন্ধু স্যাটেলাইটের মাধ্যমে পরিচালিত হবে। অঞ্চল পর্যায়েও রেকডিং এবং অনুষ্ঠান ধারণের জন্য মিনি স্টুডিও হওয়ার প্রস্তাবনা রয়েছে। ফলে কৃষি কার্যক্রম আরোও বেগবান হবে।	রাজশাহীতে কমিউনিটি রেডিও এবং সদর দপ্তরে কৃষক টেলিভিশন স্থাপনের কার্যক্রম এর অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হলো।	আঞ্চলিক কৃষি তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, রাজশাহী
৫.	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল	বিসিসি এর আঞ্চলিক পরিচালক বিসিসির ড্রাইভ অ্যাপলিকেশনটির ব্যবহার করার জন্য সকলকে অনুরোধ জানান। পূর্ববর্তী সভার সিদ্ধান্তমতে পরবর্তী পদক্ষেপ গ্রহণের কার্যক্রম চলমান রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।	Government Cloud Drive টি সকল সরকারি দপ্তরে ব্যবহারের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা প্রয়োজন। এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে নির্দেশনা প্রদানের জন্য পত্র দেওয়া যেতে পারে।	ইনচার্জ, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(কল্যাণ চৌধুরী)  
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)  
রাজশাহী

৩  
সভাপতি, জেলা ইনোভেশন টিম, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী  
(আইসিটি শাখা)

নম্বর : ০৫.৪৩.৮১০০.০৩৪.০১.০২২.২১. ১১৮ (১৮)

তারিখ : ১৪ আবিন ১৪২৮ বঙ্গাব্দ  
২৯ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যোষ্ঠতার ভিত্তিতে নয়) :

- বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- প্রকল্প পরিচালক, এটুশাই প্রোগ্রাম, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
- সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের সদয় অবগতির জন্য
- 

ও সদস্য, জেলা ইনোভেশন টিম, রাজশাহী

- প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী  
(কার্যবিবরণীটি পোর্টালের ইনোভেশন কর্ণারে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)

W.B.-20-23  
29-9-2021

(কৌশিক আহমেদ)

সহকারী কমিশনার

আইসিটি শাখা

জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী